

শ্রীশ্রীহরি সঙ্গীত

৮৫

- ৫। সে রোগের রোগী হীরামন, গোলোকচাঁদ মৃত্যুঞ্জয় লোচন,
যার হয়েছে দৃষ্টিরোগ, সে আর সারবে না কখন।
বলে গৌসাই তারক, সে দৃষ্টিরোগ,
অশ্বিনী তোর ঘটল নারে।।

১১৮ নং তাল-একতালা

- হরি প্রেম মদের নেশা, নেশা যার লেগেছে।
হ'য়ে মত্ত মাতাল হাল্ছে বেহাল, প্রেমের মদ খেয়ে,
সে মেতে গিছে, হারে মেতে গিছে।।
- ১। গাঁজা, ভাং ধুতরায় কি করে, মুষ্টিযোগ দিলে যায় সেরে,
যার লেগেছে প্রেমের নেশা ও তার অনুক্ষণ বাড়ে।
ও সে নেশার বোকে প্রলাপ বকে, সাইজী বলে হাই
ছাড়তেছে শুধু হই ছাড়তেছে।।
- ২। প্রেমের নেশার নাই বিরাম, তিলেক দম্ভে নাই আরাম,
কখন বলে হরেকৃষ্ণ, কখন বলে রাম,
ও সে নেশার ভরে নৃত্য করে।
নয়ন জলে ভাসিতেছে, হারে ভাসিতেছে।।
- ৩। প্রেমের নেশাতে পাগল, ও সে কেটে ভবের গোল,
আর কোন বোল নাইরে মুখে কেবল বলছে হরিবোল
তার হরির নামে, লোমে লোমে, সর্ব্ব অঙ্গ জ্বারিতেছে,
হারে জ্বারিতেছে।।
- ৪। প্রেমের নেশাতে অজ্ঞান, ধর্ম্ম পুন্য দেয় না স্থান
অষ্ট পাশের দফাসারা, বেদ বিধি মানবে কেন,
ও তার সন্ধ্যা আঙ্কিক, নাই কোন ঠিক, মন মানুষে মিশে, গেছে
হারে মিশে গেছে।।
- ৫। স্বামী মহানন্দ কয় প্রেমের মদ নিবি কে আয়
শ্রীশুকুর আনন্দ মেলায় প্রেমের মদ বিকায়।
বলে তারকচাঁদে, বিষয় মদে, অশ্বিনী ভুলে রয়েছে,
হারে পড়ে প্যাচে।।